ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮৩২৩

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

শিদলাই দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: শিদলাই, উপজেলা: ব্রাহ্মণপাড়া, জেলা: কুমিল্লা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৮.১০.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

**শর্তসমূহ :**

১. শুন্যপদে অধ্যক্ষ, সহকারী মৌলভী, সহকারী শিক্ষক (শরীরচর্চা), ইবতেদায়ী প্রধান ও অফিস সহকারী নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
৩. শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ শ্রেণিকক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে পাঠদান উপযোগী করে গড়ে তুলতে হবে।
৪. আগামী ০১ (এক) বছরের মধ্যে মাদরাসার নামের জমি নামজারী এবং হালনাগাদ অবশিষ্ট জমির খাজানা পরিশোধ করতে হবে।
৫. প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইয়ে আয়ের খাতে রশিদ নম্বর উল্লেখপূর্বক লিপিবদ্ধ করতে হবে এবং ব্যয় খাতে ডেবিট ভাউচার নম্বর উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ করত: গভর্ণির বডির সভার মাধ্যমে আয়-ব্যয়ের অনুমোদন নিতে হবে।
৬. সেপ্টেম্বর ২০১৭ সাল থেকে অদ্যাবধি ক্যাশ কলামনার বইতে আয়-ব্যয়ের হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। ক্যাশ বইতে ব্যালেন্সের স্থানে কাঠ পেন্সিলের ব্যবহার বন্ধ করতে হবে।
৭. শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টয়লেটগুলো সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
৮. প্রশাসনিক দক্ষতা অর্জনের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষকে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
৯. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

24.08.2020
(ড. জাভেদ আহমাদ)
সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)
মোবাইল : ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ
শিদলাই দারুল ইসলাম ফাজিল মাদরাসা
ডাকঘর: শিদলাই, উপজেলা: ব্রাহ্মণপাড়া, জেলা: কুমিল্লা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮৩২৩

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৬। সভাপতি, শিদলাই দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: শিদলাই, উপজেলা: ব্রাহ্মণপাড়া, জেলা: কুমিল্লা।
৭। অফিস নথি।

২৪/০৮/২০২০
(এস.এফ.এম. আস্‌আদ আউয়াল)
সেকশন অফিসার
মোবাইল : ০১৬৮০-১৪৭৬১৩

অধি/নবায়ন/ফাইল নং-চট্ট-২৭৯